

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

শেরপুর শাখা, সিলেট

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **জনাব মোঃ শাহিবুর রহমান**, পিতা-মোঃ আব্দুর রহমান, মাতা-মোছাঃ আছমা বেগম, ব্যবসায়িক ঠিকানা : **মেসার্স তাজ এন্টারপ্রাইজ**, শেরপুর বাজার, সিলেট, বর্তমান ঠিকানা গ্রামঃ খসরমপুর, পোঃ আওরাঙ্গপুর, থানা : ওসমানীনগর, জেলাঃ সিলেট, স্থায়ী ঠিকানা গ্রামঃ সুরিকোনা, পোঃ সুনাইত্তা মাধবপুর, থানা : ওসমানীনগর, জেলাঃ সিলেট কর্তৃক ইউসিবি, শেরপুর শাখা, সিলেট হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের রমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১২/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের **পাওনা মোট ৯৭,০২,৫৬৫.২৭ টাকা (সাতানব্বই লক্ষ দুই হাজার পাঁচশত পয়ষট্টি টাকা সাতাশ পয়সা)** সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

তফসিল-১ঃ জেলা: সিলেট, থানা: ওসমানীনগর, মৌজা : খসরমপুর, জেএল নং- ৪৭, এসএ খতিয়ান- ২৬, আরএস ডিপি নং- ৭০৪, আরএস খতিয়ান - ৩৫৯, মিউটেশন খতিয়ান নং- ৬৪৪, এসএ দাগ নং- ৩৪৫, আরএস দাগ নং- ৩০৪। **মোট জমির পরিমাণ ৩১ শতাংশ** ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দি পূর্বে এসএ দাগ নং- ৩৫০, পশ্চিমে এসএ দাগ নং- ৩৪৬, উত্তরে এসএ দাগ নং- ৩৪৪, ৩৪৩, দক্ষিণে এসএ দাগ নং- ৩৪৬।

তফসিল-২ঃ জেলা: সিলেট, থানা: বালাগঞ্জ, মৌজা : তাজপুর দরিণ, জেএল নং- ৪২, এসএ খতিয়ান-৩৯, ৭১৩, ৩৫, আরএস খতিয়ান ডিপি নং- ৫৭৬, মিউটেশন খতিয়ান নং- ৮৫২, এসএ দাগ নং- ১২৮৮, ২০০৪, ১৩৭৭, ১২৩৮, আরএস দাগ নং- ১২৫২। **মোট জমির পরিমাণ ৮৯ শতাংশ** ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দি পূর্বে রাজিব উদ্দিন, পশ্চিমে কবির উল্লাহ, উত্তরে রাস্মা, দক্ষিণে আবদুল হামিদ।

নিলামের শর্তাবলী :-

- আগামী ১৩/০৯/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শেরপুর শাখা, সিলেট এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শেরপুর শাখা, সিলেট অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুতকৃত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন পকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শেরপুর শাখা, সিলেট